NEW YORK CITY DEPARTMENT OF HEALTH AND MENTAL HYGIENE
Mary T. Bassett, MD, MPH
Commissioner

NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Carmen Fariña
Chancellor

OFFICE OF SCHOOL HEALTH

জুন 2014

প্রিয় পিতামাতা:

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, আপনাদের সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে এমন নিউ ইয়র্ক স্টেট-এর টিকা-ইঞ্জেকশন সংক্রান্ত নতুন নীতি সম্পর্কে আপনাদেরকে অবহিত করার জন্য এ চিঠি দিচ্ছে। ২০১৪ সালের টিকা-ইঞ্জেকশনের (ইম্যুনাইজেশন) শর্ত সংযুক্ত করা হলো। সন্তান যাতে স্কুলে যেতে পারে, সেজন্য আপনাকে অবশ্যই টিকা-ইঞ্জেকশনের প্রমাণ সন্তানের স্কুলে জমা দিতে হবে। স্মরণ রাখবেন, সন্তানের যথাযথ টিকা-ইঞ্জেকশন গ্রহণে ব্যর্থতা স্কুল থেকে তার বিতাড়নের কারণ হতে পারে।

২০১৪-২০১৫ স্কুল বছরের জন্য টিকা-ইঞ্জেকশনের শর্তের নিম্নলিখিত পরিবর্তনগুলো লক্ষ্য করুন:

- কিন্ডারগার্টেন ও ষষ্ঠ গ্রেডের সকল ছেলেমেয়েদের ভারিসেলা ভ্যাকসিনের দুই ডোজ গ্রহণ করা আবশ্যক।
- সকল ছেলেমেয়েদের কমপক্ষে তিন ডোজ পোলিওভাইরাস ভ্যাকসিন গ্রহণ করা আবশ্যক। কিন্ডারগার্টেন ও ষষ্ঠ গ্রেডে প্রবেশকারী ছেলেমেয়েদের ৪ বছর বয়সে বা তার পরে নিম্নলিখিতগুলোর একটি ডোজ গ্রহণ করতে হবে। যদি আপনার সন্তানের বাড়তি পোলিওভাইরাস ভ্যাকসিন আবশ্যক না হয়, তার অর্থ তাদের সর্বমোট চার বা পাঁচ ডোজ গ্রহণ করতে হবে।
- যেসব ছেলেমেয়ে কিন্ডারগার্টেন থেকে ৫ম গ্রেডে প্রবেশ করছে, তাদেরকে কমপক্ষে চার ডোজ ডিটিএপি ভ্যাকসি (ডিপথেরিয়া এবং টিটেনাস টক্সয়েড এবং পারটুসিস ভ্যাকসিন) গ্রহণ করতে হবে। ৪ বছর বয়সে বা তার পরে এগুলোর একটি ডোজ অবশ্যই গ্রহণ করতে হবে। যদি চতুর্থ ডোজ দেওয়া হয়ে থাকে ৪ বছর বা বেশি বয়সে, তাহলে পঞ্চম ডোজ দিতে হবে না।

এসব পরিবর্তনগুলো বিদ্যমান টিডিএপি (টিটেনাস এবং ডিপথেরিয়া টক্সয়েডস এবং পারটুসিস ভ্যাকসিন বুস্টার), এমএমআর (মিজলস-মাম্পস-রুবেলা), এবং হেপাটাইটিস ভ্যাকসিন ইত্যাদির বাধ্যবাধকতার অতিরিক্ত।

১১ বছর বয়সী ছেলেমেয়েদের জন্য সুপারিশকৃত দুইটি গুরুত্বপূর্ণ ভ্যাকসিন হলো:

- মেনিনজোকক্কাল ভ্যাকসিন: বিভিন্ন ধরনের ব্যাকটেরিয়াজাত মেনিনজাইটিস প্রতিরোধক
- হিউম্যান প্যাপিলোমাভাইরাস (এইচপিভি) ভ্যাকসিন: যৌনাঙ্গে মাংসস্ফীতি, সার্ভিকেল ক্যান্সার এবং পায়ু-ক্যান্সার ইত্যাদি প্রতিরোধক

টিকা-ইঞ্জেকশন সম্পর্কে বাড়তি তথ্য পাবেন নিম্নলিখিত ওয়েবসাইটগুলোতে: www.immunize.org and www.cdc.gov/vaccines

নিউ ইয়র্ক স্টেটের টিকা-ইঞ্জেকশনের শর্ত সম্পর্কে সবিস্তার জানতে অনুগ্রহ করে সন্তানের পেডিট্রিশিয়ানের সাথে কথা বলুন। সন্তানের টিকা-ইঞ্জেকশন দেওয়ার জন্য কোন চিকিৎসা প্রদানকারী বা ক্লিনিকের খোঁজ পেতে হলে 311 নম্বরে ফোন করুন। সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।

আপনাদের বিশ্বস্ত,

Cheryl Lawrence MD

শেরিল লরেন্স, এমডি, এফএএপি
মেডিকেল ডিরেক্টর
অফিস অব স্কুল হেলথ